

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৫

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. তৃতীয় অনুচ্ছেদ - অপবিত্রতা হতে পবিত্রতা অর্জন

আরবী

وَعَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:: «لَا بَأْسَ بِبَوْلِ مَا يُؤْكَلُ لَحْمُهُ»

বাংলা

৫১৫-[২৬] বারা (ইবনু 'আযিব) (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যার মাংস (মাংস/গোসত) খাওয়া হয় তার প্রস্রাব গায়ে লাগলে ক্ষতি নেই।[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : দারাকুত্বনী ১/১২৮, সিলসিলাহ্ আয্ য'ঈফাহ্ ৪৮৫০। কারণ এর সানাদে তিনজন রাবী- 'আমর ইবনুল হুসায়ন এবং ইয়াহ্ইয়া ইবনুল আ'লা দুর্বল আর সাও্ওয়ার ইবনু মুস্'আব মাতরুক। ইবনু হাযম তার ''আল মুহাল্লা'' গ্রন্থে একে মাওযু' বলেছেন আর ইবনুল জাওযী হাদীসটি ''মাওযু'আত''-এর অন্তর্ভুক্ত করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যে পশুর গোশ্ত (গোশত/গোস্ত/গোস্ত) ভক্ষণ করা হালাল তার প্রস্রাব পবিত্র। তবে এ হাদীসটি খুবই দুর্বল। সেটা দ্বারা দলীল গ্রহণ করা ঠিক নয়। অবাকের কথা যে, লেখক এ দুর্বল হাদীসটি উল্লেখ করলেন অথচ উরানিয়িন এর হাদীস এবং ছাগলের থাকার জায়গায় সালাতের অনুমতির কথা উল্লেখ করলেন। অথচ সেটা সহীহ হাদীস। সুতরাং এ সহীহ হাদীস অনুসারে যে পশুর গোশ্ত (গোশত/গোস্ত/গোস্ত) খাওয়া হালাল তার প্রস্রাব পবিত্র- এ কথা যারা বলে তাদের কথা সঠিক।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন